

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখ্যপত্র(৫ম খন্ড)/২০১৯/৮০৮

তারিখ:

২৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ


০৯ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৮৭ তম কমিশন সভা অদ্য ০৯/১১/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রূবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নর্গিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, NRB Bank Limited এর প্রতিটি ১০.০০ (দশ) টাকা ইস্যু মূল্যের ১০,০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১০০ (একশত) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারি সিকিউরিটি ও পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের ব্যয় নির্বাহ করবে। কোম্পানিটির ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত নিরীক্ষিত আর্থিক বিবরণী (০৯ মাসের) অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নেট সম্পদ মূল্য (NAV without revaluation) ১২.৭২ টাকা (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) ও শেয়ার প্রতি আয় (EPS) ০.২৭ টাকা এবং বিগত ০৫ (পাঁচ) বছরের ভরিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ০.৭২ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেড এবং শাহজালাল ইক্যুইটি ম্যানেজমেন্ট লিমিটেড। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

০২. কমিশন অদ্যকার সভায়, Navana Pharmaceuticals Ltd এর ১৫০ (একশত পঞ্চাশ) কোটি টাকা অভিহিত মূল্যের Unsecured, Coupon bearing Bond with 60% conversion এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Coupon Rate ৮.০০% থেকে ১০.০০%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্দের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০০/- (এক) লক্ষ টাকা। উল্লেখ্য, এই বন্দ ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Navana Pharmaceuticals Ltd ব্যাংক খণ্ড পরিশোধ খাতে ব্যয় করবে। উক্ত বন্দের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Prime Bank Investment Limited এবং Arranger হিসাবে কাজ করছে City Bank Capital Resources limited। এছাড়াও উক্ত বন্দটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।



মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখ্যপত্র